



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-৩৭

তারিখ: ২৫/০১/২০২১ খ্রি.

বিষয়: সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত কোটা পূরণের লক্ষ্যে ডিজিটাল লটারির মাধ্যমে দ্বিতীয় অপেক্ষমান তালিকা আয়োজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাস অতিমারীর কারণে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য গত ১১/০১/২০২১ খ্রি. তারিখ ডিজিটাল লটারি অনুষ্ঠিত হয়েছে।

২। ডিজিটাল লটারি পরবর্তী প্রকাশিত ফলাফল অনুযায়ী স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে (অপেক্ষমান তালিকাসহ)। ভর্তি নীতিমালা অনুযায়ী বিভিন্ন কোটা পূরণের লক্ষ্যে দ্বিতীয় অপেক্ষমান তালিকা প্রকাশের জন্য ২৬/০১/২০২১ খ্রি. তারিখ পরিচালক (মাধ্যমিক) এর কক্ষে ডিজিটাল লটারির অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। দ্বিতীয় অপেক্ষমান তালিকার ডিজিটাল লটারির এ অনুষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ফেসবুক পেইজ (<https://www.facebook.com/dshe.moebd>) এ লাইভ দেখা যাবে। কোটা পূরণের লক্ষ্যে দ্বিতীয় অপেক্ষমান তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল পূর্বের ন্যায় স্ব স্ব আইডি ও পাসওয়ার্ড দিয়ে সংগ্রহপূর্বক তাদের ভর্তি কার্যক্রম আগামী ২৮/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।


এমতাবস্থায়, ২০২১ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারির মাধ্যমে কোটা পূরণের লক্ষ্যে দ্বিতীয় অপেক্ষমান তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য সকল কাগজপত্র যাচাই অন্তে উপরোল্লিখিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: দু: আ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১)]
- ২। জেলা প্রশাসক, সকল
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল [পত্রানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৫। জেলা শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সকল
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৮। সংরক্ষণ নথি


২৫.০১.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)

ফোন: ০২-৪১০৫০২৮৩

dddshesecondary@gamil.com